



এসএসসি পরীক্ষায় বিদেশের ৮ কেন্দ্রে পাসের হার ৯৩.৮

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

০৬ মে ২০১৮, ১৬:০৫

আপডেট : ০৬ মে ২০১৮, ১৬ :৪৪

এসএসসি পরীক্ষায় বিদেশের আটটি কেন্দ্রে গড় পাসের হার ৯৩ দশমিক ৭৮ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ৯০ জন পরীক্ষার্থী।

আজ রোববার দুপুরে সচিবালয়ে সংবাদ সম্মেলন করে এসএসসির ফলাফলের বিস্তারিত তথ্য তুলে ধরেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

সংবাদ সম্মেলনে জানানো হয়, বিদেশের আটটি কেন্দ্রে মোট ৪৫০ জন পরীক্ষার্থী অংশ নিয়ে পাস করেছে ৪২২ জন।

ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে বিদেশের আটটি কেন্দ্র হলো জেদ্দার বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল, রিয়াদের বাংলাদেশ অ্যাসাসি স্কুল, ত্রিপুরার বাংলাদেশ কমিউনিটি স্কুল, কাতারের দোহায় বাংলাদেশ মাসহুর উল হক মেমোরিয়াল হাইস্কুল, আবুধাবির শেখ খলিফা বিন জায়েদ বাংলাদেশ ইসলামিয়া স্কুল, বাহরাইনের বাংলাদেশ স্কুল, আরব আমিরাতে রাস আল খাইমার বাংলাদেশ ইসলামিয়া স্কুল ও ওমানের বাংলাদেশ স্কুল।

© স্বত্ব প্রথম আলো ১৯৯৮ - ২০১৮

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা ১২১৫

ফোন : ৮১৮০০৭৮-৮১, ফ্যাক্স : ৯১৩০৪৯৬, ইমেইল : info@prothom-alo.info

